

জীবন ।

সাম্লে চল্ সাম্লে চল্

হেলিস্ নারে

ছলিস্ নারে

আঘাত পেলে যাবি প'ড়ে

শক্ত হ'য়ে দৃঢ় পায়ে

সাম্লে চল্ সাম্লে চল্ ।

আকাশ ঘিরে আসবে যবে

কাল মেঘ আর বজ্রশিখা

তা' দেখে তুই ভয় পেলে হায়

ব্যর্থ হ'বে যুদ্ধ শেখা ।

সৈনিকেরি গৈরিকৈতে

সকল ব্যথা বন্ধ পেতে

হাস্য মুখে লইবি বৃকে

দেখিয়ে রে তোর চিত্ত-বল,

সাম্লে চল্ সাম্লে চল্ ।

পাহাড় যদি সাম্লে পড়ে

কিছা যদি মরুভূমি

ছহাত দিয়ে ভেঙ্গে পাহাড়

চরণেতে দলবে তুমি

বাধা বলে নাইক কিছু

শক্তি আছে তোমার পিছু

কে তোমাকে রাখবে রুখে

কোথায় আছে এমন বল

সাম্লে চল্ সাম্লে চল্ ।

সাধনা তোর কর্তে হবে
 একমনে ও একই ভাবে
 দ্বিধা কিংবা সঙ্কোচেতে
 টললে পরে সকল যাবে ।

স্বরভঙ্গ বাঘির মত
 আছতি দে জীবনটা ত
 দেখবি তবে দৃগু চোখে
 সাধনার উচ্চ বল
 সাম্লে চল্ সাম্লে চল্ ।

মানুষ যোরা বিশ্বমাঝে
 মোদের কিগো মরণ সাজে
 অমৃতের সন্তানের
 নেইক মরণ কোনও কাজে ।
 মরণ আছে ভীকর তরে
 মরে তা'রা বারে বারে
 বুক ফুলিয়ে চলে যারা
 নেইক তাদের মরণ-বোল ।
 সাম্লে চল্ সাম্লে চল্
